

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৬

আগরতলা, ১৬ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

আগামীকাল বিকাল ৫টা থেকে পশ্চিম ত্রিপুরা জেলায়
রাজনৈতিক জনসভা ও মিছিলের উপর বিধিনিষেধ আরোপ

লোকসভা নির্বাচনে ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রের সমগ্র পশ্চিম ত্রিপুরা জেলায় আগামীকাল ১৭ এপ্রিল, ২০২৪ বিকাল ৫টা থেকে ১৯ এপ্রিল, ২০২৪ তারিখে ভোটগ্রহণ শেষ না হওয়া পর্যন্ত সমস্ত ধরনের রাজনৈতিক জনসভা, মিছিলের আয়োজন ও অংশগ্রহণের উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ডা. বিশাল কুমার এক আদেশে এই নিষেধাজ্ঞা জারি করেছেন। আদেশে বলা হয়েছে, সিনেমাটোগ্রাফি, টেলিভিশন কিংবা এ জাতীয় কোনও প্রচার মাধ্যমের দ্বারাও নির্বাচনী তথ্য প্রচার করা যাবে না। সঙ্গীতানুষ্ঠান, থিয়েটার, অন্য কোনও বিনোদনমূলক পদ্ধতিতেও জনগণকে আকর্ষণ করা যাবে না। সোশ্যাল মিডিয়ার মাধ্যমে প্রচারও এই নিষেধাজ্ঞার আওতায় পড়বে। তবে কোনও রাজনৈতিক দল বা প্রার্থী বা অন্য কোনও সংস্থা বা ব্যক্তি যদি প্রিন্ট মিডিয়াতে কোনও বিজ্ঞাপন প্রকাশ করতে চায় তাহলে তাদের রাজ্য / জেলাস্তরীয় কর্তৃপক্ষ থেকে আগাম এমসিএমসি সার্টিফিকেট নিতে হবে। এই সার্টিফিকেটের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বিজ্ঞাপনটি ছাপানোর দুদিন আগে আবেদন করতে হবে।
